



বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প

আয়োজনে : জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও উপজেলা প্রশাসন, জুড়ী উপজেলা, মৌলভীবাজার।
সহযোগিতায় : সুইচ এজেন্সি ফর ডেভেলপমেন্ট কো-অপারেশন (এসডিসি) ও ব্রেকিং দ্য সাইলেন্স

উপজেলা কর্মশালা প্রতিবেদন

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও জুড়ী উপজেলা প্রশাসনের যৌথ আয়োজনে ২৬ জুন ২০২১ ইং তারিখ শনিবার জুড়ী উপজেলা পরিষদ হল রুমে বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ শীর্ষক প্রকল্পের উপজেলা পর্যায়ে ইউনিয়ন পরিষদ কর্তৃক ভালো শিখন চিহ্নিতকরণ কর্মশালা সম্পন্ন হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার জনাব সোনিয়া সুলতানা এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় জুড়ী উপজেলার অন্তর্গত ৬ টি ইউনিয়নের চেয়ারম্যান, সচিব, সাধারণ সদস্য ও সংরক্ষিত সদস্য সহ মোট ২২ জন ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব রঞ্জিতা শর্মা (ভারপ্রাপ্ত) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিংকু রঞ্জন দাস। অনলাইনের মাধ্যমে কর্মশালায় সংযুক্ত ছিলেন ব্রেকিং দ্য সাইলেন্স এর নির্বাহী পরিচালক রোকসানা সুলতানা, পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) মোঃ জাহিদুল ইসলাম, উপ-পরিচালক মোঃ তারেকুজ্জামান এবং যুগ্ম সচিব, পরিচালক-প্রশিক্ষণ ও পরামর্শ, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও প্রকল্প পরিচালক, বাংলাদেশে এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা। কর্মশালার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ব্রেকিং দ্য সাইলেন্স এর নির্বাহী পরিচালক জনাব রোকসানা সুলতানা এবং বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচীর প্রেক্ষাপট ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য রাখেন উপ-পরিচালক মোঃ তারেকুজ্জামান। পারস্পরিক শিখন কর্মসূচীর উপর মূল উপস্থাপনা পেশ করেন ব্রেকিং দ্য সাইলেন্স এর পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) মোঃ জাহিদুল ইসলাম।

ব্রেকিং দ্য সাইলেন্স এর প্রশিক্ষণ কর্মকর্তা মোঃ আব্দুল হান্নান এর সঞ্চালনায় অনুষ্ঠিত কর্মশালায় জুড়ী উপজেলার ৬ টি ইউনিয়ন থেকে প্রাপ্ত মোট ৩০ টি ভাল শিখনের মধ্যে থেকে ৫ টি ভাল শিখনকে ভোটের মাধ্যমে নির্বাচিত করা হয়।

নিম্নে নির্বাচিত ভাল শিখন গুলো উল্লেখ করা হলো :

১. শিক্ষা প্রতিষ্ঠানে সিসি ক্যামেরা সরবরাহ।
২. ইউনিয়নের নিজস্ব তহবিল থেকে গরীব/মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান।
৩. ইউনিয়ন পরিষদে উত্তর পার্শ্ব হাকালুকি হাওর সংলগ্ন ডিগার হাওরের মধ্যখানে একটি বটগাছ রোপন করে রক্ষণাবেক্ষণ করে পর্যটন এলাকাতে রূপান্তরিত করা।
৪. এলাকার অসুস্থ রোগীদের জরুরী সেবা প্রদানের জন্য অ্যাম্বুলেন্স সার্ভিস চালু করা।
৫. ছাত্র-ছাত্রীদের মধ্যে মাতৃ ভাষার চেতনা বৃদ্ধির জন্য স্কুলে শহিদ মিনার নির্মাণ।



উপজেলা কর্মশালার নির্বাচিত ভাল শিখনসমূহ

ভাল শিখন	সূচকসমূহ (smart)
সাগরনাল ইউনিয়ন পরিষদ হতে- শিক্ষা প্রতিষ্ঠানে সিসি ক্যামেরা সরবরাহ	১. রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।
৭ নং ফুলতলা ইউনিয়ন পরিষদ হতে- ইউনিয়নের নিজস্ব তহবিল থেকে গরীব/মেধাবী ছাত্র- ছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান।	১. রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে।
পশ্চিম জুড়ী ইউনিয়ন পরিষদ হতে- ইউনিয়ন পরিষদে উত্তর পার্শ্ব হাকালুকি হাওর সংলগ্ন ডিগার হাওরের মধ্যখানে একটি বটগাছ রোপন করে রক্ষণাবেক্ষণ করে পর্যটন এলাকাতে রূপান্তরিত করা।	১. রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।
জাফরনগর ইউনিয়ন পরিষদ হতে- এলাকার অসুস্থ রোগীদের জরুরী সেবা প্রদানের জন্য অ্যাম্বুলেন্স সার্ভিস চালু করা।	১. রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে। ৫. এলজিএসপি'র অর্থ থেকে ক্রয় করা হয়েছে।
পূর্ব জুড়ী ইউনিয়ন পরিষদ হতে- ছাত্র-ছাত্রীদের মধ্যে মাতৃ ভাষার চেতনা বৃদ্ধির জন্য স্কুলে শহিদ মিনার নির্মাণ।	১. রেজুলেশন আছে। ২. প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন হচ্ছে। ৩. ছবি আছে। ৪. সরেজমিন ভিজিট করে দেখা যাবে।

সভাপতি জুড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব সোনিয়া সুলতানা তার সমাপনী বক্তব্যে সরকারের এ উদ্যোগকে সময়োপযোগী উদ্যোগ বলে অবহিত করে বলেন, “এ ধরনের অনুশীলন আমাদের সকলকেই সনাতন দৃষ্টিভঙ্গি থেকে বের হয়ে এসে দেশের জন্য নতুন কিছু করে দেখানোর অনুপ্রেরণা দিবে। তিনি আরো বলেন আমাদের উপজেলা পরিষদের পক্ষ থেকে এই ভাল শিখন সমূহ সকল ইউনিয়ন পরিষদে অনুশীলন করার জন্য উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি সহায়তা করব।” তিনি এ কর্মশালার সার্বিক উন্নয়ন ও সাফল্য কামনা করেন।

কর্মশালার স্থির চিত্র :



কর্মশালায় বক্তব্য রাখছেন উক্ত কর্মশালার সভাপতি, জুড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব সোনিয়া সুলতানা।

প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব রঞ্জিতা শর্মা (ভারপ্রাপ্ত)।



কর্মশালায় অংশগ্রহণকারীর একাংশ.....



কর্মশালায় দলীয় কাজের স্থিরচিত্র



ভাল শিখন নির্বাচনের চিত্র-০১



ভাল শিখন নির্বাচনের চিত্র-০২

নিউজ লিংক:

[বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচি প্রাতিষ্ঠানিকীকরণ উপজেলা কর্মশালা \(sremangalnews24.xyz\)](http://sremangalnews24.xyz)